

মালয়েশিয়া যেতে আগ্রহীদের সতর্ক করলো হাইকমিশন

- A Monitor Desk Report

Date: 02 August, 2025



ঢাকাঃ মালয়েশিয়া যেতে আগ্রহীদের সতর্ক করেছে কুয়ালালামপুরে অবস্থিত বাংলাদেশ হাইকমিশন।

শুক্রবার (১ আগস্ট) হাইকমিশনের পক্ষ থেকে প্রকাশিত এক সতর্কীকরণ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'একটি সংঘবদ্ধ প্রতারণা চক্র মালয়েশিয়ার সাবাহ প্রদেশে কর্মী প্রেরণের কথা বলে গমনেচ্ছু বাংলাদেশিদের কাছ থেকে পাসপোর্ট ও নগদ অর্থ সংগ্রহ করেছে-এমন তথ্য হাইকমিশনের নজরে এসেছে।

বাংলাদেশ থেকে মালয়েশিয়ার সাবাহ প্রদেশে কর্মী নেওয়ার বিষয়ে বর্তমানে মালয়েশিয়া সরকারের সঙ্গে বাংলাদেশের সরকারের কোনো চুক্তি বা সমঝোতা স্মারক নেই। এছাড়া, সাবাহ প্রদেশের কর্তৃপক্ষের পক্ষ থেকেও বাংলাদেশি কর্মী নিয়োগের সিদ্ধান্ত এখনো পাওয়া যায়নি।

এ বিষয়ে সাবাহ প্রদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চলমান রয়েছে। তবে মালয়েশিয়ার সাবাহ প্রদেশ এবং বাংলাদেশ সরকারের মধ্যে আনুষ্ঠানিক কোনো চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষর না হওয়া পর্যন্ত প্রতারণা চক্রের মিথ্যা প্রচারণায় বিভ্রান্ত না হওয়ার এবং তাদের সঙ্গে কোনো ধরনের লেনদেন না করার অনুরোধ জানানো হয়েছে।

সাবাহ প্রদেশ কর্তৃপক্ষ যদি বাংলাদেশি কর্মী নিয়োগের অনুমতি দেয়, তবে তা বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুরের ওয়েবসাইটের মাধ্যমে সবাইকে অবহিত করা হবে বলেও উল্লেখ করা হয় বিজ্ঞপ্তিতে।

-B